

মডেল অ্যাক্টিভিটি টাস্ক

অষ্টম শ্রেণি

বাংলা

পূর্ণমান : ২০

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১×৩=৩

১.১ অদ্ভুত আতিথেয়তা' গল্পে আরব জাতির সঙ্গে যাদের সংগ্রামের প্রসঙ্গ রয়েছে —

(ক) ইরানীয়

(খ) তুর্কি

(গ) স্পার্টা

(ঘ) মুর

১.২ মুর সেনাপতি আরব শিবিরে এসেছিলেন —

(ক) ঘোড়ায় চড়ে

(খ) উটে চড়ে

(গ) হাতিতে চড়ে

(ঘ) রথে চড়ে

১.৩ 'আপনি সত্বর প্রস্থান করুন।'— একথা বলেছেন—

(ক) আরবরাজ

(খ) আরব সেনাপতি

(গ) মুররাজ

(ঘ) মুর সেনাপতি

২. নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও :

১×৩=৩

২.১ 'আশ্রয়-প্রার্থনা করিলেন।'— কোথায় আশ্রয় প্রার্থনা করা হয়েছে?

২.২ 'সন্দিহানচিত্তে শয়ন করিলেন।'— কেন তার মনে সন্দেহ জেগেছে?

২.৩ 'আমা অপেক্ষা আপনকার ঘোরতর বিপক্ষ আর নাই।'— বক্তা কেন একথা বলেছেন?

৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :

৩×৩=৯

৩.১ 'কিন্তু তাহার দিক্‌ভ্রম জন্মিয়াছিল।'— কার কথা বলা হয়েছে? এর ফলে কী ঘটেছিল?

৩.২ 'এই সময়ে, সহসা আরব সেনাপতির মুখ বিবর্ণ হইয়া গেল।'— আরবসেনাপতির মুখ বিবর্ণ হলো কেন?

৩.৩ 'এই বলিয়া, আরব সেনাপতি, সাদর সম্ভাষণ ও করমর্দন পূর্বক, তাঁহাকে বিদায় দিলেন।'— আরব সেনাপতি উদ্দিষ্ট ব্যক্তিকে কী বলেছিলেন?

৪. নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখো :

৫

'অদ্ভুত আতিথেয়তা' গল্পে আরব সেনাপতির আতিথেয়তাকে 'অদ্ভুত' বলা হয়েছে কেন?

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।